গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ ৪/১জি-৫/৯৮/৬৭ -শিক্ষা.

তারিখ ঃ ১৫/৪/১৯৯৯ইং
০২/০১/১৪০৬বাং

প্রেরক ঃ মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অনুদান)

প্রাপক ঃ পরিচালক
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় ঃ **১৯৯৮-৯৯ অর্থ বছরে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান প্রসংগে।**

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদসংগে সংযুক্ত তালিকায় বর্ণিত, যথাযথ স্বীকৃতিপ্রাপ্ত সাপেক্ষে নিম্নমাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'ক'), মাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'খ'), কলেজ (পরিশিষ্ট 'গ') এবং মাদ্রাসাসমূহের (পরিশিষ্ট 'ঘ') ষ্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেনঃ-

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক/কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) যে সকল প্রতিষ্ঠান প্রচলিত ষ্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করেন না কিংবা কোন পদ শুন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত এই প্রক্রিয়া চলতে থাকবে।

(গ) ১৯৯৮-৯৯ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ বছরের জন্য এম.পি.ও ভূক্ত করা হবে।

(ঘ) ২৪শে অক্টোবর'৯৫ তে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত -যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। যেসকল প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এম.পি.ও ভূক্তি বাতিল করা হবে।

(ঙ) ১৯৯৮-৯৯ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মচারীদের প্রয়োজনীয় তথ্য যথা- ব্যানবেইস ফরম, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের শিক্ষাগত সনদপত্র, ২ কপি ছবি, নিয়োগপত্র, অঙ্গীকার পত্র, স্ব-স্ব ব্যাংক একাউন্ট এর মূল কপি ব্যানবেইসে এবং অনুলিপি, মহা-পরিচালক, মাউশিকে প্রদান করতে হবে।

(চ) ১৯৯৮-৯৯ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এম.পি.ও ভূক্তির সরকারী আদেশ ১/৪/৯৯ইং থেকে কার্যকর হবে।

(ছ) উল্লেখিত প্রাতষ্ঠানসমূহের ব্যয় ১৯৯৮-৯৯ অর্থ বছরের ০০১৩-৫৯৩১ বেসরকারী শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

১৫/৪/৯৯

মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব

নং-শাঃ ৪/১জি-৫/৯৮/৬৭ -শিক্ষা.

তারিখ ঃ ১৫/৪/১৯৯৯ইং